নং. 4.14

এক্সিকিউটিভ অর্ডার

নিউ ইয়র্ক স্টেটে স্বাস্থ্যসেবা কর্মী সংকটের কারণে স্টেটব্যাপী ঘোষিত দুর্যোগকালীন জরুরি অবস্থা অব্যাহত রয়েছে

যেহেতু, হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে কর্মী সঙ্কট রয়েছে এবং এটি অব্যাহত থাকার আশংকা রয়েছে;

যেহেতু, হাসপাতালে ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রে গুরুতর কর্মী-সংকট জরুরি সেবা প্রদান করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে পর্যাপ্ত সেবা প্রদানের ক্ষমতাকে প্রভাবিত করা অব্যাহত রাখবে বলে আশংকা করা হচ্ছে;

যেহেতু, হাসপাতাল ও স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো যাতে সেবা প্রদান করতে পারে তা নিশ্চিত করতে কর্মী সংকট পূরণ করার তাৎক্ষণিক ও জরুরি প্রয়োজন রয়েছে;

সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসমূহ অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, নির্বাহী আদেশ 4-এ বর্ণিত, এবং এর উত্তরসূরি ও নির্বাহী আদেশে অব্যাহত রাখা, স্টেটজুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থার মেয়াদ সম্প্রসারণ করছি, এবং নিম্নলিখিত সংশোধনী কার্যকর হওয়া সাপেক্ষে, এখানে বর্ণিত মেয়াদ, শর্ত, ও স্থগিতাদেশ 26 নভেম্বর, 2022 তারিখ পর্যন্ত বহাল রাখছি:

এই বর্ষ দুই হাজার বাইশ সালের অক্টোবর মাসের সাতাশ তারিখে অ্যালবানি সিটিতে আমার হাতে এবং স্টেটের প্রিভিি সিলমোহর ব্যবহার করে প্রদত্ত।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব